

৭ মান

## নান্দাইল মহিলা কলেজে বিজ্ঞান

## বিভাগ ছাত্রীশূন্য, শিক্ষক ৫ জন

প্রতিনিধি, নান্দাইল (ময়মনসিংহ)

নান্দাইলে সমূর্ত জাহান মহিলা কলেজের বিজ্ঞান বিভাগে কোন ছাত্রী না থাকলেও ৫ জন শিক্ষক নিয়মিত বেতন-ভাতা ভোগ করছেন।

১৯৯৫ সালে প্রতিষ্ঠিত কলেজের মোট ছাত্রীসংখ্যা ৯৩ জন। শিক্ষক রয়েছেন ১৮ জন। বিজ্ঞান বিভাগে সালমা বেগম ও শিমু বেগম নামে ২ ছাত্রী ভর্তি হলেও বর্তমানে বিভাগটিতে কোন ছাত্রী নেই। ৫ শিক্ষক হলেন- জ্যোতিষ চন্দ্র নাস রায় (পদার্থ), অরবিন্দ পাল (জীব), অ. রাজ্জাক (গণিত), শহীদুল্লাহমান কুইয়াম (পদার্থ) এবং প্রবাল সানি ধর (প্রদর্শক-পদার্থ)। অধ্যক্ষ আবদুর রহমান 'সংবাদ'কে জানান, একাদশ শ্রেণীতে

১ম বর্ষে বিজ্ঞান বিভাগে ২ ছাত্রী ভর্তি হয়েছিল। তারা সম্প্রতি মানবিক বিভাগে চলে যাওয়ায় ছাত্রীশূন্যতা দেখা দিয়েছে।